# ২০২০

## বাংলা — সাম্মানিক

### তৃতীয় সেমেস্টার

### পত্র : CC-5

### [ বাংলা সাহিত্যের ইতিহাস (বিংশ শতক) ]

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলা কবিতার ইতিহাসে জীবনানন্দ দাশের কৃতিত্বের পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বাংলা নাটকে বিজন ভট্টাচার্যের অবদান ও বিশিষ্টতার পরিচয় লিপিবদ্ধ করো। ১০

২। (ক) বাংলা উপন্যাস সাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্বের মূল্যায়ন করো। ১০

*অথবা,*

(খ) বাংলা ছোটগল্প রচনায় সুবোধ ঘোষের অবদানের পরিচয় দাও। ১০

৩। (ক) বাংলা প্রবন্ধসাহিত্যে বুদ্ধদেব বসুর অবদান কতখানি তা আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) বাংলা সাহিত্যে 'সবুজ পত্র' পত্রিকার ভূমিকা সম্পর্কে আলোচনা করো। ১০

৪। (ক) কবি সুকান্ত ভট্টাচার্যের কবিমানসের সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা রূপক-সাংকেতিক নাটকের বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

৫। (ক) 'চোখের বালি' উপন্যাসকে যুগান্তকারী উপন্যাস বলা হয় কেন? ৫

*অথবা,*

(খ) গল্পকার প্রেমেন্দ্র মিত্রের বিশিষ্টতার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

Please Turn Over

৬। (ক) সাহিত্যসমালোচনা-জাতীয় প্রবন্ধ রচনায় মোহিতলাল মজুমদারের অবদান কতখানি তা সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) বাংলা সাহিত্য ও সাময়িক পত্রিকার ইতিহাসে 'কল্লোল' পত্রিকার গুরুত্ব নির্দেশ করো। ৫

৭। ***যে-কোনো একটি*** বিষয়ে টীকা লেখো। ৫

(ক) টিনের তলোয়ার

(খ) লালশালু

(গ) শনিবারের চিঠি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) কাজী নজরুল ইসলামের প্রথম প্রকাশিত কাব্যগ্রন্থের নাম লেখো।

(খ) 'অর্কেস্ট্রা' কাব্যগ্রন্থটির রচয়িতা কে?

(গ) 'নীরা' কোন কবির কাব্যের নায়িকা?

(ঘ) 'নুরজাহান' নাটকটি কার লেখা?

(ঙ) মন্মথ রায় রচিত একটি নাটকের নাম লেখো।

(চ) 'শেষের কবিতা' কী জাতীয় গ্রন্থ?

(ছ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের প্রথম উপন্যাসের নাম কী?

(জ) 'ঢোঁড়াই চরিত মানস' কার লেখা?

(ঝ) 'বিনোদিনী' গল্পগ্রন্থটির রচয়িতা কে?

(ঞ) 'পুতুলনাচের ইতিকথা' কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়?

(ট) 'জিজ্ঞাসা' প্রবন্ধগ্রন্থটির লেখক কে?

(ঠ) রবীন্দ্রনাথ ঠাকুরের 'কালান্তর' গ্রন্থটি কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয়েছিল?

(ড) 'শনিবারের চিঠি' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ঢ) 'প্রবাসী' পত্রিকার সম্পাদক কে ছিলেন?

(ণ) 'প্রগতি' পত্রিকা কোথা থেকে প্রকাশিত হয়েছিল?

---

# ২০২০

## বাংলা - সাম্মানিক

### তৃতীয় সেমেস্টার

### পত্র : CC-6

### (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

### পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) মধ্যভারতীয় আর্যভাষার স্তরগুলি কালসীমাসহ উল্লেখ করে এই ভাষার নিদর্শনগুলির পরিচয় দাও। ১০

*অথবা,*

(খ) বৈদিক ও ক্লাসিক্যাল সংস্কৃতের মধ্যে ভাষাতাত্ত্বিক পার্থক্যের কয়েকটি ক্ষেত্র সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ১০

২। (ক) প্রাচীন বাংলা ভাষার সময়সীমা উল্লেখপূর্বক এই ভাষার কয়েকটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য চর্যাপদের প্রেক্ষিতে উল্লেখ করো। ১০

*অথবা,*

(খ) আদি-মধ্যযুগের বাংলা ভাষার কয়েকটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রেক্ষিতে সংক্ষেপে লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার রূপতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে সংক্ষেপে উল্লেখ করো। ১০

*অথবা,*

(খ) স্বামী বিবেকানন্দ রচিত 'পরিব্রাজক' গ্রন্থটি থেকে উদাহরণসহযোগে আধুনিক বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ১০

৪। (ক) ভাষা বলতে কী বোঝায় একটি সংজ্ঞার সাহায্যে স্পষ্ট করো। ৫

*অথবা,*

(খ) পৃথিবীর যে-কোনো পাঁচটি ভাষা-পরিবারের নাম লেখো। ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষার ছন্দোরীতিগত বৈশিষ্ট সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) আদি-মধ্য পর্বের বাংলা ভাষায় ক্রিয়ার কালের ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় অপিনিহিতির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) আধুনিক যুগের বাংলা ভাষায় বিভিন্ন ভাষার শব্দগ্রহণ সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার বাক্যগঠনগত বৈশিষ্ট্যগুলি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) প্রাচীন বাংলা ভাষার একটি ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্য ও একটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যের উল্লেখ করো। ৫

*অথবা,*

(গ) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ভাষার গঠনগত উপাদানগুলি কী কী?

(খ) ঋগ্‌বেদ কোন ভাষায় লিখিত?

(গ) বৈদিক ভাষায় ক্রিয়ার কাল ক-টি ও কী কী?

(ঘ) 'প্রাকৃত' শব্দটির অর্থ কী?

(ঙ) প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক বিস্তৃতিকাল উল্লেখ করো।

(চ) দ্বাদশ > দুবাদস—কী জাতীয় পরিবর্তন?

(ছ) 'গাহাসওসঈ' কোন প্রাকৃত ভাষায় রচিত?

(জ) প্রাচীন ভারতীয় আর্যের কথ্য রূপের ক-টি আঞ্চলিক উপভাষা ছিল?

(ঝ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় রাম > রাম্—এটি কী ধরনের পরিবর্তন?

(ঞ) 'লুই ভণই গুরু পুচ্ছিঅ জান'— নিম্নরেখ অংশটির কারক-বিভক্তি নির্ণয় করো।

(ট) 'চউপইআ' কত মাত্রার ছন্দ?

(ঠ) 'রচিলাঙ তোমার সঙ্গীতে'—নিম্নরেখ শব্দে ক্রিয়াবিভক্তির বৈশিষ্ট্যটি লেখো।

(ড) 'গজব করিলে তুমি আজব কথায়'— রেখাঙ্কিত শব্দ দুটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় গৃহীত হয়েছে?

(ঢ) কান্তি > কাঁতি —এটি কী ধরনের পরিবর্তন?

(ণ) পুরোনো পয়ার ছন্দ থেকে জন্ম নেওয়া দুটি আধুনিক বাংলা ছন্দের নাম লেখো।

---

# ২০১৯

## বাংলা — সাম্মানিক

### সেমেস্টার - ৩

### পেপার : CC-6

### (ঐতিহাসিক ভাষাবিজ্ঞান)

পূর্ণমান : ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে আধুনিক ভারতীয় আর্যভাষা হিসেবে বাংলা ভাষার উদ্ভবের গতিপথটি একটি রেখাচিত্রের মাধ্যমে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) সংস্কৃত ভাষার সঙ্গে বাংলা ভাষার সম্পর্ক যুক্তিসহ আলোচনা করো। ১০

২। (ক) প্রাচীন বাংলা ভাষার রচনাকাল ও রচনা নিদর্শনগুলির উল্লেখ করো। প্রাচীন বাংলার প্রধান ধ্বনিতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি চর্যাপদের প্রেক্ষিতে বুঝিয়ে দাও। ১+২+৭

*অথবা,*

(খ) আদি মধ্যযুগের বাংলাভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের প্রেক্ষিতে লেখো। ১০

৩। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার ধ্বনিতাত্ত্বিক লক্ষণগুলি 'অন্নদামঙ্গল' কাব্য অবলম্বনে আলোচনা করো। ১০

*অথবা,*

(খ) 'পরিব্রাজক'-এর ভাষায় আধুনিক বাংলা ভাষার যেসব বৈশিষ্ট্য ফুটে উঠেছে, তা উদাহরণসহ লেখো। ১০

৪। (ক) 'সতম্' ও 'কেন্তুম' গুচ্ছ কী? ৫

*অথবা,*

(খ) ভারতে বর্তমানে কোন্ কোন্ ভাষা পরিবারের ভাষা প্রচলিত? ৫

৫। (ক) প্রাচীন বাংলা ভাষায় কারক-বিভক্তির ব্যবহার সম্পর্কে সংক্ষেপে লেখো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন'-এর ছন্দোরীতিগত বৈশিষ্ট্য সংক্ষেপে লেখো। ৫

৬। (ক) অন্ত্য-মধ্যযুগের বাংলা ভাষার সময়কাল ও রচনা নিদর্শন সম্পর্কে আলোচনা করো। ৫

*অথবা,*

(খ) আধুনিক যুগের বাংলা ভাষার বাক্য গঠনগত বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো। ৫

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার আনুমানিক বিস্তৃতিকাল সম্পর্কে উল্লেখ করে এই যুগের ভাষার নিদর্শনগুলির নামোল্লেখ করো। ৫

*অথবা,*

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যে ব্যবহৃত নাসিক্য ব্যঞ্জন সম্পর্কিত বৈশিষ্ট্যগুলি লেখো। ৫

*অথবা,*

(গ) অন্ত্য-মধ্য বাংলা ভাষায় দেশি ও বিদেশি শব্দের ব্যবহার সম্পর্কে লেখো। ৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) ছান্দস কী?

(খ) মধ্য ভারতীয় আর্যভাষার তিনটি উপস্তরের নাম লেখো।

(গ) বাংলা ভাষা কোন্ প্রাকৃত ভাষা থেকে উৎপন্ন?

(ঘ) কর্ম > কম্ম — কী জাতীয় পরিবর্তন?

(ঙ) 'পৈশাচী' কোন্ স্তরের ভাষা?

(চ) কালিদাসের নাটকে কোন্ ভাষা ব্যবহৃত হয়েছে?

(ছ) '*রুখের* তেন্তলি কুম্ভীরে খাঅ' এই বাক্যবন্ধে নিম্নচিহ্নিত শব্দের ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্যটি লেখো।

(জ) 'অস্মাভিঃ' কীভাবে প্রাচীন বাংলায় বিবর্তিত হয়েছে? বিবর্তিত রূপটি লেখো।

(ঝ) পাদাকুলক কী?

(ঞ) 'পাখি নহোঁ তার ঠাই উড়ি পড়ি *জাওঁ*' — নিম্নরেখ শব্দে ক্রিয়াবিভক্তির বৈশিষ্ট্যটি লেখো।

(ট) প্রণমিয়া *পাটনী* কহিছে জোড় হাতে — নিম্নরেখ অংশটির কারকবিভক্তি নির্ণয় করো।

(ঠ) অন্নদামঙ্গল কাব্যে ব্যবহৃত একটি প্রবাদের উদাহরণ দাও।

(ড) অন্ত্য-মধ্য যুগের বাংলা ভাষায় পুরুষ কয়টি?

(ঢ) আধুনিক বাংলায় বহুত্ববাচক পদগুলি উল্লেখ করো।

(ণ) আধুনিক বাংলা ভাষায় ব্যবহৃত একটি দেশি শব্দের প্রয়োগ দেখাও।

---

২০২০

# বাংলা — সাম্মানিক

তৃতীয় সেমেস্টার

পত্র : CC-7

(কথাসাহিত্য)

পূর্ণমান - ৬৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) 'যোগাযোগ' উপন্যাসে মোতির মা ভেবেছে "একরকমের জাতিভেদ আছে যা সমাজের নয়, যা রক্তের— সে জাত কিছুতে ভাঙা যায় না।"— এই ভাবনার আলোকে মধুসূদন-কুমুদিনীর দাম্পত্য সম্পর্কটি বিশ্লেষণ করো। ১০

*অথবা,*

(খ) 'তিনপুরুষ' নাম পরিবর্তন করে লেখক যখন 'যোগাযোগ' নামকরণ করলেন তখন বদলে গেল লেখকের মূল অভিপ্রায়। — নামকরণের এই পরিবর্তনের শিল্পতাৎপর্য ব্যাখ্যা করো। ১০

*অথবা,*

(গ) 'দেনাপাওনা' উপন্যাসে নির্মল-হৈম উপকাহিনির গুরুত্ব বিচার করো। ১০

*অথবা,*

(ঘ) 'দেনাপাওনা' উপন্যাসে জীবানন্দ চরিত্রটি নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

২। (ক) 'নিষ্ক্রিয় আত্মসমর্পণের বিরুদ্ধতা হোসেন মিয়ার সমগ্র জীবনের সারার্থ।'— এই বক্তব্যের আলোয় হোসেন মিয়া ও ময়না দ্বীপের তাৎপর্য বিচার করো। ১০

*অথবা,*

(খ) ধীবর পল্লির বাস্তব জীবনচিত্রের প্রতিফলন 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে যেভাবে ঘটেছে তার পরিচয় দাও। ১০

*অথবা,*

(গ) 'অরণ্যের অধিকার' উপন্যাসটি প্রান্তিক মানুষের জাগরণের আখ্যান হয়ে উঠেছে— মন্তব্যটির সমীচীনতা বিচার করো। ১০

*অথবা,*

(ঘ) 'অরণ্যের অধিকার' উপন্যাসের ধানী মুন্ডা চরিত্রটির নির্মাণে লেখকের দক্ষতা বিচার করো। ১০

৩। (ক) "রবীন্দ্রনাথের কল্পনায় এক 'নিত্যকালের বালকবীর' আছে যে চিরযাত্রিক, যে প্রকৃতির প্রাণসত্তার প্রতীক।"— এই বক্তব্যের আলোয় 'অতিথি' গল্পটি বিচার করো। ১০

*অথবা,*

(খ) "অর্থলোলুপতার যূপকাষ্ঠে মানবতার বলি হয়ে যাবার গল্প পয়োমুখম।"— বক্তব্যটি বিশ্লেষণ করো। ১০

৪। (ক) "বনস্পতির নিজের পক্ষে প্রজাপতি যেমন বাহুল্য, অথচ প্রজাপতির সংসর্গ তাকে মেনে নিতে হয়, ভাবী স্ত্রীকেও মধুসূদন তেমনি করেই ভেবেছিল।"— প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "কুমু, মনের মধ্যে জোয়ার-ভাঁটা খেলে। কিছু ভয় করিস নে, রাত্তির মাঝে মাঝে আসে, দিন তা বলে তো মরে না।"— বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(গ) "সে যন্ত্রচালিত পুতুলের মত নীরবে শান্তিকুঞ্জের গেটের মধ্যে প্রবেশ করিল, থামিবার, আপত্তি করিবার কোথাও এতটুকু চেষ্টা পর্যন্ত করিল না।"— প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(ঘ) "নারীর একজাতীয় রূপ আছে যাহাকে যৌবনের অপর প্রান্তে না পৌঁছিয়া পুরুষ কোনদিন দেখিতে পায় না।"— বক্তব্যটির অন্তর্নিহিত তাৎপর্য বুঝিয়ে দাও। ৫

৫। (ক) "ইহা মহত্ত্ব নয়, পরোপকার নয়— ইহা রীতি, অপরিহার্য নিয়ম। আশ্চর্য এই, এ নিয়ম পালন করিয়া ক্রুদ্ধ হইয়া উঠাও অনিয়ম নয়।"— প্রসঙ্গটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(খ) "নদীর তীরে, নদীর জলে এখন জীবনের সাড়া পড়িয়া গিয়াছে।"— ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(গ) "মুন্ডা শরীরের এক ফোঁটা রক্ত মানে সমগ্র কৃষ্ণভারত।"— তাৎপর্য ব্যাখ্যা করো। ৫

*অথবা,*

(ঘ) "কিছুই ফুরোয় না পৃথিবীতে— মুন্ডারী দেশ-মাটি-পাথর-পাহাড়-বন-নদী-ঋতুর পর ঋতুর আগমন— সংগ্রামও ফুরোয় না, শেষ হতে পারে না।"— প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৬। (ক) "তুমি আমাকে যাইতে দিয়ো না মা, আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো।"— বক্তব্যের সূত্র ধরে বক্তার সঙ্গে প্রকৃতির সম্পর্কটি বুঝিয়ে দাও। ৫

*অথবা,*

(খ) "বড় হয়ে আমি তোমায় নিয়ে যাব দিদি! কারুর কথা শুনব না!"— 'মহানগর' গল্প অবলম্বনে প্রসঙ্গটি ব্যাখ্যা করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫×১

(ক) 'যোগাযোগ' উপন্যাসের শ্যামাসুন্দরী চরিত্রটির ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

(খ) 'দেনাপাওনা' উপন্যাসের শিরোমণি চরিত্রটির প্রয়োগ তাৎপর্য বুঝিয়ে দাও।

(গ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে পদ্মানদীর ভূমিকা সংক্ষেপে ব্যাখ্যা করো।

(ঘ) "লড়াই যেথা, ও সেথা। ওর বয়স আটশো অষ্টাশি চাঁদ হল।"— উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের পরিচয় দাও।

(ঙ) "প্রকৃতি যেন তাহার ভাষার অভাব পূরণ করিয়া দেয়, যেন তাহার হইয়া কথা কয়।"— উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের আলোকে উক্তিটির তাৎপর্য লেখো।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) 'যোগাযোগ' উপন্যাস কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

*অথবা,*

'দেনাপাওনা' উপন্যাসের নাট্যরূপটির নাম কী?

(খ) "বিবাহ করতেও সময় নষ্ট, বিবাহ করেও তাই। আমার ফুরসত কোথায়?"— কার উক্তি?

*অথবা,*

ষোড়শী ভৈরবীর আগে যিনি ভৈরবী ছিলেন তাঁর নাম কী?

(গ) মোতির মা-র আসল নাম কী?

*অথবা,*

জীবানন্দ-র সঙ্গে বিবাহের সময় ষোড়শীর বয়স কত ছিল?

(ঘ) "সর্বনাশকে আমরা কোনোকালে ভয় করি নে, ভয় করি অসম্মানকে।"— কার উক্তি?

*অথবা,*

"এ সব চালাকি আমাদের কাছে খাটবে না বলে দিচ্ছি"— কোন চালাকির কথা এখানে বলা হয়েছে?

(ঙ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

*অথবা,*

'অরণ্যের অধিকার' উপন্যাসটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(চ) "বহুদূর নদীবক্ষ হইতে হাঁক আসিতেছিল।"— কার হাঁক আসছিল?

*অথবা,*

"কিন্তু বীরসার নামে ভয় পাচ্ছিল দিকুরা।"— 'দিকু' বলতে কী বোঝানো হয়েছে?

(ছ) 'ছেলেমেয়েগুলিকে ভালোবাসিবার মতো মনও তাহার আছে, সময়ও সে পায়।'— কার কথা বলা হয়েছে?

*অথবা,*

বীরসা কবে মুক্তি পায়?

(জ) 'পদ্মানদীর মাঝি' উপন্যাসে কুবেরের নৌকোর সহকারীদের নাম লেখো।

*অথবা,*

'অরণ্যের অধিকার' উপন্যাসে বর্ণিত 'টুইলা' কী?

(ঝ) 'একরাত্রি' গল্পটি কোন পত্রিকায় প্রকাশিত হয়েছিল?

(ঞ) সোহিনীর আইমার কত টাকা দেনা ছিল?

(ট) "আহা দুটিতে বেশ মানায়"— কাদের কথা বলা হয়েছে?

(ঠ) "প্রিয়ার মতো যে নদী শুয়ে আছে মহানগরের কোলে।"— কোন নদীর কথা এখানে বলা হয়েছে?

(ড) "ভূতনাথ বই দু-খানকে চিনিত।"— বইদুটির নাম কী?

(ঢ) অঞ্জনগড়ের জমি কোন পাথরে গঠিত?

(ণ) "এ খবর তার জানা ছিল না।"— খবরটি কী?